

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর
৩২, বিচারপতি এস.এম. মোর্শেদ সরণী
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭
website-www.nanl.gov.bd.


নথি নং-৪৩.২৫.০০০০.০০৩.০৫.২৮২.২৩./১৫৮৭

তারিখঃ ০৪/০৭/২০২৪ খ্রি.

বিষয়ঃ আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তরের পদভিত্তিক কর্মবন্টন।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তরের কাজের গতিশীলতা, স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকল্পে বিদ্যমান সাংগঠনিক কাঠামোতে বর্ণিত পদ ও সংশ্লিষ্ট পদভিত্তিক কাজের বিবরণ পুনর্বিন্যাস করা হয়েছে।

২। এমতাবস্থায়, পুনরাদেশ না দেওয়া পর্যন্ত এ অধিদপ্তরের বিভিন্ন পদভিত্তিক কার্যক্রম গ্রহণের নিমিত্ত সংযুক্ত পুনর্বিন্যাসকৃত কর্মবন্টন অনুসৃত হবে।


(ড. সালমা মমতাজ)
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
ফোন: ০২২২২২১৮৩৪৬
ই-মেইল: dg@nanl.gov.bd

অবগতি ও কার্যার্থে অনুলিপি :

- ০১। প্রোগ্রামার, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ০২। সকল কর্মকর্তা, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর, ঢাকা।
- ০৩। মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর, ঢাকা।
- ০৪। পরিচালকের ব্যক্তিগত সহকারী, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর, ঢাকা।
- ০৫। সংশ্লিষ্ট নথি।

আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তরের পদভিত্তিক কর্মবন্টন

ক্রমিক নং	পদের নাম	কাজের বিবরণ	মন্তব্য
০১.	মহাপরিচালক	<ol style="list-style-type: none"> ১. আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তরের প্রধান হিসাবে দায়িত্ব পালন। ২. অধিদপ্তরের কর্মপন্থা/নীতিমালা ও অভ্যন্তরীণ সুবিধা-অসুবিধার বিষয়ে মন্ত্রণালয়ের সহিত যোগাযোগ রক্ষা করা। ৩. অধিদপ্তরের বাজেট প্রণয়ন ও প্রিন্সিপাল একাউন্টস অফিসারের দায়িত্ব পালন। ৪. অধিদপ্তরের প্রশাসনিক কার্য পরিচালনা এবং প্রশাসনিক স্বার্থে সকল গ্রেডের কর্মচারীদের দায়িত্ব পালনের আদেশ প্রদান। ৫. অনুমোদিত নিয়োগবিধি অনুযায়ী অধিদপ্তরের কর্মকর্তা/ কর্মচারীর অভ্যন্তরীণ বদলী/ নিয়োগ/ পদোন্নতি প্রদানের বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন। ৬. অধিদপ্তরের সার্বিক কার্যাবলী পরিচালন, নিয়ন্ত্রণ ও তত্ত্বাবধান করা। ৭. জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে অধিদপ্তরের প্রতিনিধিত্বকরণ এবং প্রয়োজনীয় ক্ষেত্রে প্রতিনিধি নিয়োগ করা। ৮. জাতীয় আরকাইভস ও জাতীয় গ্রন্থাগার-এ সংগৃহীত ঐতিহাসিক নথিপত্র, দলিল-দস্তাবেজ, বই-পুস্তক,সংবাদপত্র, জার্নাল ও সাময়িকী সংগ্রহ ও সংরক্ষণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ। ৯. জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে সভা, সেমিনার, ওয়ার্কশপ ও সিম্পোজিয়ামের আয়োজন করা এবং দেশে ও বিদেশে সকল প্রোগ্রামে অংশগ্রহণপূর্বক কেন্দ্রীয় সংরক্ষণাগারকে সমৃদ্ধশালী করা। ১০. জাতীয় ঐতিহাসিক মূল্য সম্পন্ন দলিল-দস্তাবেজ ও দুস্প্রাপ্য পুস্তকাদি দানসূত্রে অথবা ক্রয়ের মাধ্যমে সংগ্রহের ব্যবস্থাকরণ। ১১. প্রশিক্ষণ সংক্রান্ত নির্দেশ প্রদান। ১২. প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন করা। ১৩. অধিদপ্তরের উন্নয়ন প্রকল্প সংক্রান্ত নীতিমালা প্রণয়ন। ১৪. বিধি/উপবিধি/গাইডলাইন/নীতিমালা প্রণয়ন ও প্রয়োগ। ১৫. জাতীয় আরকাইভস উপদেষ্টা পরিষদের সদস্য সচিব হিসাবে দায়িত্ব পালন। ১৬. জাতীয় গ্রন্থপঞ্জি প্রণয়ন, প্রকাশ ও বিতরণে দিক নির্দেশনা প্রদান। ১৭. জাতীয় আরকাইভস ও জাতীয় গ্রন্থাগারের পরিচালকগণকে সঠিক নির্দেশনার মাধ্যমে উন্নয়ন কার্যক্রম ত্বরান্বিতকরণ। ১৮. অধিদপ্তরভুক্ত জাতীয় আরকাইভস ও জাতীয় গ্রন্থাগার আইনের বাস্তবায়ন। ১৯. গুরুত্বপূর্ণ রেকর্ডস ও পুস্তকের প্রদর্শনীর ব্যবস্থাকরণ। ২০. জাতীয় আরকাইভস ও জাতীয় গ্রন্থাগারের সংগ্রহ বৃদ্ধির উদ্দেশ্যে বিভিন্ন জেলায় প্রতিনিধিদল প্রেরণের ব্যবস্থাকরণ। ২১. অধিদপ্তরের সঙ্গে সংশ্লিষ্ট বিভিন্ন জাতীয় ও আন্তর্জাতিক দিবসসমূহ উদযাপনের ব্যবস্থাকরণ। ২২. অধিদপ্তরকে আধুনিক ও যুগোপযোগী প্রতিষ্ঠান হিসেবে গড়ে তোলা। ২৩. জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন। ২৪. বার্ষিক কর্ম সম্পাদন চুক্তি স্বাক্ষর ও বাস্তবায়ন। ২৫. মন্ত্রণালয়/সরকার প্রদত্ত নির্দেশ প্রতিপালন। 	
০২.	পরিচালক (আরকাইভস)	<ol style="list-style-type: none"> ১. জাতীয় আরকাইভস সু-ব্যবস্থাপনার জন্য পরিকল্পনা গ্রহণ, কর্মপন্থা নির্ধারণ এবং সংশ্লিষ্ট বিষয়ে মহাপরিচালককে সার্বিক সহযোগিতা/পরামর্শ প্রদান। ২. মহাপরিচালকের অনুমতিক্রমে জাতীয় আরকাইভসের প্রধান হিসেবে রেকর্ড সংগ্রহ, প্রক্রিয়াকরণ, ব্যবস্থাপনা ও সংরক্ষণ কার্যাদি পরিচালনা করা। ৩. অধীনস্থ কর্মকর্তাদের কাজের তদারকিকরণ ও বিভিন্ন ধরনের কাজের সুযোগ সৃষ্টি করণ। ৪. মহাপরিচালকের পরামর্শক্রমে বিশ্বের অন্যান্য জাতীয় আরকাইভসের সঙ্গে যোগাযোগ ও সমন্বয় সাধন। ৫. বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/বিভাগীয় কমিশনার/জেলা প্রশাসন ও নথি সৃষ্টিকারি অন্যান্য প্রতিষ্ঠানের সঙ্গে সভা/পরামর্শক্রমে সংগ্রহ ও সংরক্ষণযোগ্য রেকর্ড এর প্রাথমিক খসড়া তালিকা প্রণয়ন করা। ৬. গবেষকদের চাহিদামত যুগোপযোগী আধুনিক সুযোগ-সুবিধা নিশ্চিতকরণ। ৭. মন্ত্রণালয়ে অথবা অন্যান্য প্রতিষ্ঠানের সঙ্গে আরকাইভসের পক্ষে প্রতিনিধিত্ব করা। ৮. দেশ-বিদেশে বিভিন্ন সভা, সেমিনার, কনফারেন্স, ওয়ার্কশপ-এ জাতীয় আরকাইভসের পরিচালক হিসেবে প্রতিনিধিত্ব করা। ৯. আরকাইভসের সমস্ত উন্নয়ন কর্মকাণ্ড ও সৃষ্ট পরিচালনা করা। ১০. জাতীয় আরকাইভসের বাৎসরিক কন্ট্রোল খরচের বাস্তব চাহিদা প্রণয়ন। ১১. সংগৃহীত রেকর্ডপত্রের সঠিক তালিকা, শ্রেণিবিন্যাস, ক্যাটালগ, বর্ণনাকরণ, স্ট্যাক ব্লকে সংরক্ষণ রেকর্ডের নিরাপত্তা বিধান নিশ্চিত করা। 	









ক্রমিক নং	পদের নাম	কাজের বিবরণ	মন্তব্য
		১২. আরকাইভাল রেকর্ডের কম্পিউটারাইজড তালিকা প্রণয়ন ও ডাটাবেজ তৈরি এবং ডিজিটাল তথ্যসেবা নিশ্চিতকরণ। ১৩. অধ:স্তন কর্মকর্তা/কর্মচারীদের দেশ-বিদেশে প্রশিক্ষণ, উচ্চ শিক্ষা বিষয়ে পরিকল্পনা প্রণয়ন ও পরিদর্শনের সুযোগ সৃষ্টি করণ। ১৪. আরকাইভাল রেকর্ডের প্রদর্শনীর ব্যবস্থাকরণ। ১৫. গবেষক, তথ্যসেবা ও রেফারেন্স সেবা নিশ্চিত করা। ১৬. ICA ও SWARBICA এর সঙ্গে যোগাযোগ ও সমন্বয় সাধন করা। ১৭. আরকাইভস ব্যবস্থাপনা, নথি ব্যবস্থাপনা, সংগ্রহ ও সংরক্ষণ বিষয়ে প্রশিক্ষণ কোর্সের নীতিমালা প্রস্তুতকরণ ও প্রশিক্ষণের ব্যবস্থাকরণ। ১৮. আরকাইভস বিষয়ে সচেতনতা বৃদ্ধিকল্পে বিভিন্ন কর্মসূচি গ্রহণ ও বাস্তবায়ন। ১৯. বার্ষিক কর্ম সম্পাদন চুক্তি বাস্তবায়ন করা। ২০. আরকাইভাল রেকর্ড সংক্রান্ত নীতিমালা বা নির্দেশিকা প্রণয়ন ও হালনাগাদকরণ। ২১. উন্নয়ন প্রকল্প প্রণয়ন ও বাস্তবায়নের পদক্ষেপ গ্রহণ। ২২. আরকাইভসের নিরাপত্তা ব্যবস্থা জোরদারকরণ। ২৩. মহাপরিচালক মহোদয়ের সার্বিক কাজে সহায়তাকরণ। ২৪. মহাপরিচালক কর্তৃক অর্পিত যে কোনো দায়িত্ব পালন।	
০৩.	পরিচালক (লাইব্রেরি)	১. জাতীয় গ্রন্থাগারের সু-ব্যবস্থাপনার জন্য পরিকল্পনা গ্রহণ, কর্মপন্থা নির্ধারণ এবং সংশ্লিষ্ট বিষয়ে মহাপরিচালককে সহযোগিতা/পরামর্শ প্রদান। ২. বই সংগ্রহ, প্রক্রিয়াকরণ, ব্যবস্থাপনা ও সংরক্ষণ কার্যাদি পরিচালনা করা। ৩. অধীনস্থ কর্মকর্তাদের কাজের তদারকিকরণ ও বিভিন্ন ধরনের কাজের সুযোগ সৃষ্টি করণ। ৪. মহাপরিচালকের পরামর্শক্রমে বিশ্বের অন্যান্য জাতীয় গ্রন্থাগারের সাথে যোগাযোগ ও সমন্বয় সাধন। ৫. বিভিন্ন পেশাজীবী ও স্টেকহোল্ডারদের সাথে সভা/পরামর্শক্রমে ক্রয়যোগ্য বইয়ের তালিকা প্রণয়ন করা। ৬. বাংলাদেশের বড় বড় গ্রন্থাগারগুলোর সাথে আন্ত:গ্রন্থাগার সহযোগিতা বৃদ্ধি করা। ৭. মন্ত্রণালয়ে অথবা অন্যান্য প্রতিষ্ঠানের সাথে গ্রন্থাগারের পক্ষে প্রতিনিধিত্ব করা। ৮. পাঠক ও গবেষকদের আধুনিক সুযোগ-সুবিধা নিশ্চিতকরণ। ৯. কপিরাইট আইনের আওতায় বাংলাদেশের ভৌগলিক সীমারেখার মধ্যে প্রকাশিত সকল সৃজনশীল নতুন প্রকাশনা সংগ্রহের ব্যবস্থা গ্রহণ করা। ১০. গ্রন্থাগার উইংয়ের বাৎসরিক কন্টিজেন্সি খরচের বাস্তব চাহিদা প্রণয়ন। ১১. বই, ম্যাগাজিন, জার্নাল, সাময়িকী, ম্যাপ, গেজেট, গেজেটিয়ার, রিপোর্ট ইত্যাদির কম্পিউটারাইজড তালিকা প্রণয়ন ও ডাটাবেজ তৈরি করা। ১২. জাতীয় গ্রন্থাপঞ্জি প্রণয়ন, আন্তর্জাতিক পুস্তক বিনিময়, তথ্যের আদান-প্রদান, ডকুমেন্টেশন, গ্রন্থাগার অটোমেশন, গ্রন্থাগার সামগ্রীর স্থায়ী সংরক্ষণ লেমিনেশন, মাইক্রোফিল্ম ইত্যাদির সুষ্ঠু ব্যবস্থা গ্রহণ করা। ১৩. দেশ-বিদেশে বিভিন্ন সভা, সেমিনার, কনফারেন্স, ওয়ার্কশপ-এ ন্যাশনাল লাইব্রেরির পরিচালক হিসেবে প্রতিনিধিত্ব করা। ১৪. গ্রন্থাগারের সমস্ত উন্নয়ন কর্মকান্ড নিয়ন্ত্রণ, কারিগরি ও পেশাগত সেবাদান। ১৫. সংগৃহীত বই, তথ্যসামগ্রীর সঠিক যোজন, ক্যাটালগ, ক্লাসিফিকেশন, স্ট্যাক ব্লকে সংরক্ষণ ও পাঠক সেবা নিশ্চিত করণ। ১৬. উন্নয়ন প্রকল্প গ্রহণ ও বাস্তবায়নের পদক্ষেপে গ্রহণ। ১৭. গ্রন্থাগার বিষয়ক নির্দেশিকা বা নীতিমালা প্রণয়ন ও হালনাগাদকরণ। ১৮. মহাপরিচালক মহোদয়ের সার্বিক কাজে সহায়তাকরণ। ১৯. অধ:স্তন কর্মকর্তা/কর্মচারীদের দেশ-বিদেশে প্রশিক্ষণ, উচ্চ শিক্ষা বিষয়ে পরিকল্পনা প্রণয়ন ও পরিদর্শনের সুযোগ সৃষ্টি করণ। ২০. মহাপরিচালক প্রদত্ত যে কোনো দায়িত্ব পালন।	
০৪.	পরিচালক (আইসিটি)	১. অধিদপ্তরের আইসিটি সংক্রান্ত সার্বিক কাজে মহাপরিচালককে পরামর্শ ও সহযোগিতা প্রদান। ২. আইসিটি সেল পরিচালনা, গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত গ্রহণ ও বাস্তবায়ন করা। ৩. ডিজিটাইজেশন ও অটোমেশন সংক্রান্ত আইন, নীতিমালা, গাইডলাইন ইত্যাদি তৈরি, প্রয়োগ ও এর সুফল জনসেবায় রূপান্তরিত করা। ৪. ডিজিটাল সেবা ব্যবস্থাপনা কার্যক্রমকে শক্তিশালী ও উন্নত করা। ৫. অধিদপ্তরের আইসিটি সেল উন্নয়নের পরিকল্পনা প্রণয়ন ও সকল তথ্য ডিজিটলাইজ করা। ৬. আইসিটি সেলের হার্ডওয়্যার, সফটওয়্যার ও নেটওয়ার্কিং নিরাপত্তা রক্ষা সংক্রান্ত দায়িত্ব পালন করা। ৭. মহাপরিচালক কর্তৃক প্রদত্ত যে কোনো দায়িত্ব পালন করা।	

ক্রমিক নং	পদের নাম	কাজের বিবরণ	মন্তব্য
০৫.	সিস্টেম এনালিস্ট	<ol style="list-style-type: none"> ১. সফটওয়্যার ও হার্ডওয়্যার কেন্দ্রিক সামগ্রিক কার্যাবলীর সুষ্ঠু সম্পাদন নিশ্চিত করা। ২. প্রয়োজনীয় তথ্যের ভিত্তিতে সিস্টেম ডিজাইনকরণ। ৩. সিস্টেম উন্নয়ন কাজের দক্ষতা, বৈশিষ্ট্য, গুণাগুণ নিরূপণ করা। ৪. নেটওয়ার্ক সেটআপ এবং শ্যুটিংয় সমস্যা সমাধান করার ব্যবস্থা করা ৫. বিভিন্ন আইটি সিস্টেম ইনস্টলেশন, কনফিগারেশন এবং ব্যাকআপ প্রক্রিয়াকরণের নির্দেশনা প্রদান। ৬. ব্যবহারকারীদের জন্য পাশে সফটওয়্যার সেটআপ এটি কনফিগার করা এবং সিস্টেম শ্যুটিংয়ে সমস্যা বিভিন্ন জ্ঞানের জন্য শেল / সেন্টিমিডি স্ক্রিপ্ট রচনা করা। ৭. উইন্ডোজ সার্ভার এবং লিনাক্স সার্ভারের সাথে কাজ করা(এফটিপি, এসএফটিপি, টিইএমপি সার্ভার)। ৮. ব্যবহারকারীদের অ্যাপ্লিকেশন সহায়তা প্রদানের ব্যবস্থা গ্রহণ করা। ৯. সিস্টেমের ডিভাইসগুলির কনফিগারেশন, সমস্যা-শ্যুটিং এবং রক্ষণাবেক্ষণের ব্যবস্থা করা। ১০. রাউটিং (বিজিপি, ওএসপিএফ এবং অন্যান্য গতিশীল রাউটিং প্রোটোকল) এবং বিভিন্ন প্ল্যাটফর্মে সুইচিং (ভিএলএএন, ট্রাঙ্ক, এসটিপি ইত্যাদি) সম্পর্কে ব্যবস্থা করা। ১১. বিভিন্ন ধরনের ডিপিএন (আইপিসেক, জিআরই, ইওআইপি এবং পিপিটিপি) কনফিগার ও সমস্যা-শ্যুটিংয়ের ব্যবস্থা করা। ১২. প্রয়োজনীয় প্রশিক্ষণসহ পেশাগত ও দক্ষতা উন্নয়নে কাজ করা। ১৩. উর্ধ্বতন কর্তৃপক্ষের দেওয়া যে কোনো দায়িত্ব পালন করা। 	
০৬.	চীফ আরকিভিস্ট	<ol style="list-style-type: none"> ১. জাতীয় আরকাইভসের নথি ব্যবস্থাপনা কার্যক্রম পরিচালনা করা। ২. নথিসৃষ্টিকারী প্রতিষ্ঠানের সাথে সার্বক্ষণিক যোগাযোগ রক্ষা করে নথির চূড়ান্ত মূল্যায়ন ও বিনষ্টকরণে নথিসৃষ্টিকারী প্রতিষ্ঠানকে সহায়তা প্রদান এবং স্থায়ী সংরক্ষণযোগ্য নথি নির্দিষ্ট সময়ের পর জাতীয় আরকাইভসে স্থানান্তর নিশ্চিত করা। ৩. জাতীয় আরকাইভস আইন অনুযায়ী ২৫ বছরের উর্ধ্বের ঐতিহাসিক গুণসম্পন্ন পুরাতন মূল্যবান নথিপত্র, দলিল-দস্তাবেজ ও তথ্যাদি নথিসৃষ্টিকারী সরকারি, বেসরকারি ও স্বায়ত্তশাসিত সংস্থা হতে জাতীয় আরকাইভস-এ স্থানান্তরের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ। ৪. দেশ-বিদেশের বিশিষ্ট ব্যক্তিবর্গের ব্যক্তিগত, পারিবারিক নথিপত্র, দলিল-দস্তাবেজ এবং রাজনৈতিক দলসমূহের ঘোষণাপত্র, মেনুফেস্টো, প্রচারপত্র ইত্যাদি সংগ্রহ করা। ৫. দলিল-দস্তাবেজ সংগ্রহের পর প্রক্রিয়াকরণ ও সংগৃহীত নথিকে দীর্ঘ জীবন দান এবং ব্যবহার সহজীকরণের জন্য আইটি সেকশনের সাথে সার্বক্ষণিক যোগাযোগ রক্ষা করা এবং সংরক্ষণের নিমিত্তে তথ্যাদি সরবরাহ করে সহায়তা দান করা। ৬. জাতীয় আরকাইভসের পুরাতন কাগজী নথিকে ডিজিটাল ফরমেটে নিয়ে যাওয়া এবং এর দীর্ঘ মেয়াদী সংরক্ষণ, পুনরুদ্ধার ও সেবার মান নিশ্চিত মানসম্পন্ন প্রোগ্রাম তৈরির লক্ষ্যে প্রোগ্রামারের সাথে সার্বক্ষণিক যোগাযোগ রক্ষা করা। ৭. আরকাইভস সংক্রান্ত কাজে বুদ্ধিজীবী ও পেশাজীবীদের সাথে সমন্বয় ও সভার আয়োজন ও ব্যবস্থাপনা করা। ৮. আরকাইভসের সংরক্ষিত দলিল-দস্তাবেজকে দীর্ঘমেয়াদীভাবে সংরক্ষণের জন্য কর্মকর্তা/কর্মচারীদের দেশে-বিদেশে প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থা গ্রহণ করা। ৯. সংগৃহীত দলিল-দস্তাবেজ সঠিকভাবে স্ট্যাকে সংরক্ষণ নিশ্চিত করা। ১০. জাতীয় আরকাইভসের সমস্ত কর্মকর্তাদের সুষ্ঠু ব্যবস্থাপনার জন্য পরিকল্পনা প্রণয়ন ও অধঃস্তন কর্মকর্তা/কর্মচারীদের পরিচালনা ও তদারকীকরণ। ১১. দেশ-বিদেশের বিভিন্ন সেমিনার ওয়াকশপ-এ আরকাইভস সংক্রান্ত বিষয়ে পরিচালককে সার্বিক সহায়তা প্রদান। ১২. উর্ধ্বতন কর্তৃপক্ষের দেওয়া যে কোনো দায়িত্ব পালন করা। 	
০৭.	প্রোগ্রামার	<ol style="list-style-type: none"> ১. অধিদপ্তরের আইটি সংক্রান্ত সকল কার্যক্রম পরিচালনা করা। ২. আইটি প্রধান হিসেবে অধিদপ্তরের পক্ষে প্রতিনিধিত্ব করা। ৩. ই নথি ব্যবস্থা বাস্তবায়ন করা। ৪. যুগোপযোগী নতুন সফটওয়্যার ডেভেলপ করা। ৫. বই এবং আরকাইভাল রেকর্ড স্থায়ী সংরক্ষণের জন্য ডিজিটাইজেশন কার্যক্রম পরিচালনা করা। ৬. কম্পিউটার হার্ডওয়্যার সংগ্রহ এবং রক্ষণাবেক্ষণ করা। ৭. কম্পিউটার সফটওয়্যার সংক্রান্ত প্রশিক্ষণ, ট্রাবল শ্যুটিং ও মেইনটেনেন্স-এর ব্যবস্থা গ্রহণ। ৮. কম্পিউটার অপারেটরদের প্রত্যাহিক, সাপ্তাহিক, মাসিক ও বাৎসরিক কার্যক্রমের কর্মপরিকল্পনা তৈরি এবং পরিচালনা করা। ৯. বাৎসরিক কর্মপরিকল্পনা অনুযায়ী কার্যক্রমের বাস্তবায়ন তদারকীকরণ। ১০. ইন্টারনেটের মাধ্যমে পৃথিবীর বিভিন্ন দেশের আরকাইভাল রেকর্ড সংক্রান্ত প্রামাণ্য তথ্য সংগ্রহকরণ। ১১. অধিদপ্তরের ইন্টারনেট সার্ভিস সার্বক্ষণিক সচল রাখার ব্যবস্থাকরণ। 	

MD

Am

ar

amr

ক্রমিক নং	পদের নাম	কাজের বিবরণ	মন্তব্য
		১২. অধিদপ্তরের ওয়েবসাইট নিয়মিত হালনাগাদ করণ। ১৩. প্রজেক্টের মাধ্যমে পুরাতন দলিল-দস্তাবেজ ও রেকর্ডপত্র সংক্রান্ত প্রামাণ্য তথ্য প্রদর্শনীর ব্যবস্থাকরণ। ১৪. নতুন নতুন প্রযুক্তি সংগ্রহ ও সংযোজনের ব্যবস্থাকরণ। ১৫. অধিদপ্তরের কম্পিউটার সার্ভার, স্ক্যানারসমূহের রক্ষণাবেক্ষণ, নিরাপত্তা নিশ্চিতকরণ এবং প্রয়োজনীয় ক্ষেত্রে মেরামতের ব্যবস্থাকরণ। ১৬. ডিজিটাইজেশন যন্ত্রপাতি রক্ষণাবেক্ষণের ব্যবস্থা করা। ১৭. উন্নয়ন প্রকল্প গ্রহণ ও বাস্তবায়নে সহায়তা প্রদান। ১৮. উদ্ভাবনী উদ্যোগ গ্রহণ। ১৯. আধুনিক ও যুগোপযোগী সফটওয়্যার ডেভেলপ করে এইচআর, পেরোল ও স্টোর ব্যবস্থাপনা করা। ২০. অধিদপ্তরকে তথ্য প্রযুক্তিভিত্তিক আধুনিক তথ্য কেন্দ্র হিসেবে প্রতিষ্ঠা করা। ২১. অধীনস্থ কর্মকর্তা ও কর্মচারীদের পরিচালনা ও তদারকি করণ। ২২. সকল শাখার সাথে সমন্বয় করে কার্যসম্পাদন করণ। ২৩. অধিদপ্তরের বিভিন্ন কর্মকাণ্ড সংক্রান্ত বিষয় নিয়ে তথ্য ব্যাংক (Information Bank) প্রতিষ্ঠা করণ। ২৪. উর্ধ্বতন কর্তৃপক্ষের দেওয়া যে কোনো দায়িত্ব পালন করা।	
০৮.	উপপরিচালক (আরকাইভস)	১. পরিচালককে আরকাইভসের কার্যাবলী ও নীতিমালা বাস্তবায়নে সাহায্য করা ও পরামর্শ দেয়া। ২. গোপনীয় নথিপত্র সংরক্ষণের বিষয়ে বিশেষ ব্যবস্থাকরণ। ৩. জাতীয় আরকাইভসে নথিপত্রাদি স্থানান্তরিত করার ব্যাপারে বিভিন্ন নথিসৃষ্টিকারী/বিভাগ/ অধিদপ্তর/ পরিদপ্তর/ বিভাগীয় অফিস/জেলা অফিস/ আধা-সরকারি/ স্বয়ত্বশাসিত সংস্থার সাথে যোগাযোগ করা। ৪. নথিপত্রাদি বাছাই, মূল্যায়ন এবং বিনষ্টকরণের কাজ তদারকি ও পরিদর্শন করা। ৫. জাতীয় আরকাইভসে স্থানান্তরের পূর্বে নথিপত্রাদি পুন: মূল্যায়নকরণ। ৬. ২৫ বছরের পুরাতন নথিপত্র জাতীয় আরকাইভসে সংগ্রহ করার ব্যাপারে ব্যবস্থাগ্রহণ। ৭. আরকাইভসের বার্ষিক ইনভেন্ট্রি তৈরি ও আপডেট করা। ৮. ঐতিহাসিক দলিল-দস্তাবেজ পরিশোধন, মেরামত ও সংরক্ষণ কাজের ব্যবস্থাকরণ। ৯. আরকাইভাল প্রশিক্ষণ, সেমিনার ও ওয়ার্কশপের ব্যবস্থাগ্রহণ। ১০. আরকাইভাল শিক্ষা ও রেকর্ডস প্রদর্শনীর ব্যবস্থাকরণ। ১১. জাতীয় আরকাইভসের বিভিন্ন রেজিস্টার তত্ত্বাবধান করা। ১২. সংরক্ষণাগার/স্ট্যাক ব্যবস্থাপনা তদারকিকরণ। ১৩. দেশী-বিদেশী গবেষকদের তথ্য সেবা প্রদান নিশ্চিতকরণ। ১৪. আন্তর্জাতিক সংস্থার সঙ্গে যোগাযোগ এবং আন্তর্জাতিক আরকাইভস দিবস উদযাপনের আয়োজন করা। ১৫. বিশ্বের অন্যান্য দেশের আরকাইভসের সাথে যোগাযোগ রক্ষাকরণ। ১৬. বিশ্বের অন্যান্য দেশের অনুকরণে আরকাইভসের উন্নয়ন সাধনে ব্যবস্থাগ্রহণ। ১৭. রেকর্ডপত্রের নিরাপত্তা নিশ্চিতকরণ। ১৮. গবেষক কার্ড/আইডি কার্ড ইস্যুকরণ। ১৯. গবেষকদের অনুমতি প্রদান। ২০. পরিদর্শনকারীদের অনুমোদন প্রদান। ২১. জাতীয় আরকাইভস উপদেষ্টা পরিষদের সকল কার্যক্রম পরিচালনা করা। ২২. জাতীয় আরকাইভস সকল শাখার কাজের সমন্বয় সাধন। ২৩. জাতীয় আরকাইভসের বার্ষিক প্রতিবেদন প্রস্তুত করণ। ২৪. আরকাইভাল জার্নাল/গাইড বই/নির্দেশিকা/ ব্রোসিয়ার প্রকাশের ব্যবস্থাকরণ। ২৫. বিদেশী গবেষক, অতিথি ও দেশের বরণ্য ব্যক্তিদের অভ্যর্থনা ও সেবা প্রদান। ২৬. অধীনস্থ কর্মকর্তা ও কর্মচারীদের পরিচালনা ও তদারকিকরণ। ২৭. আরকাইভস ভবনের সামগ্রিক নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিতকরণ। ২৮. নির্দেশিকা প্রণয়নে পরিচালককে সহায়তা প্রদান। ২৯. এপিএ বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রণয়ন। ৩০. সংশ্লিষ্ট কর্মকর্তাদের নৈমিত্তিক ছুটি প্রদান। ৩১. উর্ধ্বতন কর্তৃপক্ষের দেওয়া যে কোনো দায়িত্ব পালন করা।	
০৯.	চীফ বিবলিওগ্রাফার/ উপপরিচালক	১. নিয়মিত জাতীয় গ্রন্থপঞ্জি প্রণয়ন, প্রকাশ ও বিতরণ কার্যক্রম তত্ত্বাবধান করা। ২. কপিরাইট আইন অনুযায়ী সৃজনশীল নতুন প্রকাশনা সংগ্রহের জন্য লেখক, গবেষক ও প্রকাশকদের সঙ্গে সম্পর্ক জোরদার করা। ৩. গ্রন্থাগার বিষয়ক বিভিন্ন আন্তর্জাতিক সম্মেলন, সেমিনার ও ওয়ার্কশপ ইত্যাদির আয়োজন করা। ৪. জাতীয় গ্রন্থাগারের স্ট্যাক ব্লক, তথ্যসামগ্রির লেনদেন কার্যক্রম ও তথ্য সরবরাহের সুষ্ঠু ব্যবস্থাপনা নিশ্চিত করা। ৫. দুর্লভ পুস্তকাদি সংগ্রহ, সংরক্ষণ ও প্রদর্শনের কার্যক্রম গ্রহণ করা।	

ক্রমিক নং	পদের নাম	কাজের বিবরণ	মন্তব্য
		<p>৬. বিভিন্ন দেশের জাতীয় গ্রন্থাগারের সঙ্গে বই ও অন্যান্য প্রকাশনা বিনিময় ও যোগাযোগ রক্ষা করা।</p> <p>৭. বিদেশী অতিথি ও দর্শনার্থীদেরকে বিভিন্ন বিষয় সম্পর্কে অবহিতকরণে দায়িত্ব পালন করা।</p> <p>৮. জাতীয় গ্রন্থাগারের চলমান কার্যক্রম দেশে ও বিদেশে প্রচার-প্রসারের ব্যবস্থা করা।</p> <p>৯. দেশের সকল গ্রন্থাগারের সঙ্গে বই ও অন্যান্য প্রকাশনা বিনিময় এবং তথ্য সরবরাহের ব্যবস্থা করা।</p> <p>১০. গ্রন্থাগার ব্যবস্থাপনা সংক্রান্ত প্রশিক্ষণ, সেমিনার ও কর্মশালা আয়োজন।</p> <p>১১. জাতীয় গ্রন্থাগারের বার্ষিক ইনভেন্ট্রি তৈরি করা।</p> <p>১২. আন্তর্জাতিক সংস্থার সঙ্গে যোগাযোগ ও দিবস উদযাপন করা।</p> <p>১৩. বিভিন্ন স্কুল, কলেজ, ইনস্টিটিউট ও বিশ্ববিদ্যালয়ের ডিজিটরদের জাতীয় গ্রন্থাগার পরিদর্শনের ব্যবস্থাকরণ।</p> <p>১৪. ওয়েবসাইট, ডাটা এন্ট্রি, স্ক্যানিং, অটোমেশন ও ডিজিটাইজেশন কাজে সমন্বয় সাধন করা।</p> <p>১৫. জাতীয় গ্রন্থাগার কর্তৃক পাঠক ও গবেষক কার্ড ইস্যু নিশ্চিত করা।</p> <p>১৬. নিয়মিতভাবে বার্ষিক প্রতিবেদন প্রকাশ কার্যক্রম তত্ত্বাবধান করা।</p> <p>১৭. উন্নয়ন প্রকল্প গ্রহণ ও বাস্তবায়নে সহায়তা করা।</p> <p>১৮. জাতীয় গ্রন্থাগারের সার্বিক নিরাপত্তা নিশ্চিত করা।</p> <p>১৯. প্রশিক্ষণ ও পেশাগত দক্ষতা বৃদ্ধির জন্য উদ্যোগগ্রহণ করা।</p> <p>২০. কর্মকর্তাদের নৈমিত্তিক ছুটি প্রদান।</p> <p>২১. জাতীয় গ্রন্থাগারের জন্য সরকারি অর্থে বাৎসরিক পুস্তক ক্রয়ের ব্যবস্থাগ্রহণ।</p> <p>২২. জাতীয় গ্রন্থাগারের জন্য গাইড বই/ নির্দেশিকা/ ব্রোশিয়ার প্রকাশ করা।</p> <p>২৩. মিলনায়তন ভাড়া প্রদান ও রক্ষণাবেক্ষণ করা।</p> <p>২৪. অধীনস্থ কর্মকর্তা ও কর্মচারীদের পরিচালনা ও তদারকিকরণ।</p> <p>২৫. গ্রন্থাগার ভবনের সামগ্রিক নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিতকরণ।</p> <p>২৬. নির্দেশিকা প্রণয়নে পরিচালককে সহায়তা প্রদান।</p> <p>২৭. এপিএ বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রণয়ন।</p> <p>২৮. বিদেশী গবেষক, অতিথি ও দেশের বরেণ্য ব্যক্তিদের অভ্যর্থনা ও সেবা প্রদান।</p> <p>২৯. এছাড়া উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক অর্পিত যে কোনো দায়িত্ব পালন করা।</p>	
১০.	উপপরিচালক (প্রশাসন)	<p>১. অধিদপ্তরের সাধারণ প্রশাসন পরিচালনা করা।</p> <p>২. প্রশাসন ও প্রশিক্ষণ সংক্রান্ত সকল কাজ তদারকি করা।</p> <p>৩. কর্মকর্তা ও কর্মচারীর নিয়োগ, পদোন্নতি, ইনক্রিমেন্ট, উচ্চতর স্কেল সংক্রান্ত যাবতীয় কার্যাবলী দ্রুততার সঙ্গে নিশ্চিত করার লক্ষ্যে নথি প্রক্রিয়া করা।</p> <p>৪. অধীনস্থদের প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদান।</p> <p>৫. মানবসম্পদ উন্নয়ন ও কর্মী ব্যবস্থাপনাকরণ।</p> <p>৬. অধিদপ্তরের বাজেট প্রণয়নে হিসাব শাখাকে সহায়তা প্রদান।</p> <p>৭. অধিদপ্তরের প্রশাসনিক ও আর্থিক শৃঙ্খলা নিশ্চিত করা।</p> <p>৮. কর্মচারীদের ব্যক্তিগত নথি, সার্ভিস বুক, এসিআরসহ ছুটি সংক্রান্ত নথিপত্র প্রক্রিয়াকরণের ব্যবস্থা গ্রহণ।</p> <p>৯. সকল গ্রেডের কর্মকর্তা ও কর্মচারীদের নিয়মিত অভ্যন্তরীণ প্রশিক্ষণের ব্যবস্থা করা।</p> <p>১০. আরকাইভস ও গ্রন্থাগার বিষয়ে বৈদেশিক প্রশিক্ষণের সুযোগ সৃষ্টিকল্পে যোগাযোগ রক্ষা করা।</p> <p>১১. এপিএ বাস্তবায়ন ত্বরান্বিত করা।</p> <p>১২. শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন ও নৈতিকতা কমিটির সভার সুপারিশ বাস্তবায়ন করা।</p> <p>১৩. আরকাইভস ও জাতীয় গ্রন্থাগারে সকল ইউনিটের সাথে আন্তঃবিভাগীয় নেটওয়ার্ক স্থাপনপূর্বক অধিদপ্তরের কাজে গতিশীলতা আনয়ন।</p> <p>১৪. সরকারি বিধি-বিধান ও অন্যান্য বিষয়ে অভ্যন্তরীণ প্রশিক্ষণ প্রদানের মডিউল প্রণয়নের ব্যবস্থাগ্রহণ।</p> <p>১৫. প্রধানমন্ত্রীর কার্যালয়, মন্ত্রিপরিষদ বিভাগ, জনপ্রশাসন মন্ত্রণালয় এবং প্রশাসনিক মন্ত্রণালয় কর্তৃক চাহিত বিভিন্ন প্রতিবেদন প্রণয়নের ব্যবস্থা করা।</p> <p>১৬. অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন প্রণয়ন ও প্রকাশের ব্যবস্থা করা।</p> <p>১৭. অধিদপ্তরের সার্বিক নিরাপত্তা নিশ্চিত করা।</p> <p>১৮. উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক অর্পিত যে কোনো দায়িত্ব পালন করা।</p>	
১১.	চীফ কনজারভেটর	<p>১. কনজারভেশন রিসার্চ ল্যাবরেটরি বিভাগের প্রধান সমন্বয়ক হিসেবে কাজ করা।</p> <p>২. কনজারভেশন সংশ্লিষ্ট সহকারী কনজারভেটর, কেমিষ্ট, সহকারী কেমিষ্ট, কনজারভেশন সহকারী এবং অধীনস্থ কর্মচারীদের তত্ত্বাবধান করা।</p> <p>৩. জাতীয় আরকাইভসের পেপার বেইজড কনজারভেশন সামগ্রী সঠিক পদ্ধতিতে কার্যক্রম পরিচালনা করা।</p> <p>৪. আধুনিক বৈজ্ঞানিক পদ্ধতিতে কনজারভেশন কার্যক্রম পরিচালনা করা।</p> <p>৫. কনজারভেশন সাইপ্সে উন্নত রেফারেন্স হিসেবে কাজ করা।</p> <p>৬. জাতীয় আরকাইভসে সংগৃহীত নথিপত্র ও দলিল-দস্তাবেজ বৈজ্ঞানিক উপায়ে পরিষ্কার, পরিশোধন ও স্থায়ী সংরক্ষণের ব্যবস্থাগ্রহণ করা।</p>	

ক্রমিক নং	পদের নাম	কাজের বিবরণ	মন্তব্য
		<p>৭. নথিপত্রের অল্পতা পরীক্ষা ও দূরীকরণের নিমিত্তে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা।</p> <p>৮. নথিপত্রের কাগজ ও কালির স্থায়ীত্ব নিরূপণ এবং তদানুযায়ী জীর্ণ-শীর্ণ নথিপত্র মেরামত ও বাঁধাইয়ের ব্যবস্থা গ্রহণ করা।</p> <p>৯. নথিপত্রে ফাংগাস ও বিভিন্ন ধরনের কীট-পতঞ্জোর আক্রমণের কারণ নির্ণয়সহ তা দূরীকরণের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা।</p> <p>১০. গুরুত্বপূর্ণ পুরাতন নথিপত্রকে দীর্ঘমেয়াদী সংরক্ষণের জন্য জাপানী টিস্যু পেপার, সেলুলোজ এ্যাসিটেড ফয়েল, ব্লটিং পেপার, ওয়াক্সড পেপার, কার্টিস পেপার, হ্যান্ডমেইড পেপার ইত্যাদি ক্রয়ের ব্যাপারে উর্ধ্বতন কর্তৃপক্ষের সাথে সার্বক্ষণিক যোগাযোগ রক্ষা করা এবং মজুত নিশ্চিত করা।</p> <p>১১. কাগজের অল্পতা পরীক্ষা সাপেক্ষে বাঁধাইয়ের কাজে বিভিন্ন কেমিক্যাল ব্যবহারের পরিমাণ নির্ধারণসহ যাবতীয় কার্যাদি সম্পাদনের ব্যবস্থা গ্রহণ করা।</p> <p>১২. সংশ্লিষ্ট বিষয়ে বিভাগীয় প্রধানকে অবহিত করা।</p> <p>১৩. উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক অর্পিত যে কোনো দায়িত্ব পালন করা।</p>	
১২.	রক্ষণাবেক্ষণ প্রকৌশলী	<p>১. অপারেশন ম্যানেজারের সার্বিক কাজে সহযোগিতা প্রদান করা।</p> <p>২. হার্ডওয়্যার এবং সফটওয়্যার ইনস্টলেশন এবং অপারেটিং করা।</p> <p>৩. হার্ডওয়্যার ও সফটওয়্যার পরীক্ষা-নিরীক্ষা করে সমস্যার সমাধান করার করা।</p> <p>৪. কম্পিউটার সিস্টেম, হার্ডওয়্যার এবং কম্পিউটার পেরিফেরিয়া বজায় রাখা।</p> <p>৫. বিভিন্ন আইটি সিস্টেম ইনস্টলেশন, কনফিগারেশন এবং ব্যাকআপ প্রক্রিয়া করা।</p> <p>৬. কম্পিউটার এবং প্রিন্টার সম্পর্কিত সমস্যাগুলির সমাধান করা।</p> <p>৭. ওয়ার্কস্টেশন এবং ল্যাপটপগুলির কনফিগারেশন এবং স্থাপনের ব্যবস্থা করা।</p> <p>৮. ডিভাইসগুলির কনফিগারেশন, সমস্যা-শ্যুটিং এবং রক্ষণাবেক্ষণ করা।</p> <p>৯. উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক অর্পিত যে কোন দায়িত্ব পালন করা।</p>	
১৩.	সহকারী গ্রন্থাগার পরিচালক	<p>১. গ্রন্থাগারে পাঠকের চাহিদানুযায়ী বই ও অন্যান্য তথ্যসামগ্রী (কপিরাইট আইনে প্রাপ্ত বই ব্যতিত) সংগ্রহ করা।</p> <p>২. ক্রয়কৃত বই গ্রন্থ ও প্রক্রিয়াকরণ শেষে স্ট্যাকব্লকের শেলফে বিন্যাস করা।</p> <p>৩. পাঠক ও গবেষকদের জন্য পাঠকক্ষে আধুনিক তথ্যসেবা নিশ্চিত করা।</p> <p>৪. সংগৃহীত বই ও অন্যান্য তথ্যসামগ্রী বাঁধাই ও সংরক্ষণ করা।</p> <p>৫. আন্তর্জাতিক পর্যায়ে পুস্তক বিনিময় ও ফরেন কর্নারের দায়িত্ব পালন করা।</p> <p>৬. দুপ্রাপ্য ও গুরুত্বপূর্ণ পুস্তকাদি সংগ্রহ ও সংরক্ষণের পদক্ষেপ গ্রহণ করা।</p> <p>৭. গ্রন্থাগার সামগ্রির নিরাপত্তা স্বার্থে স্ট্যাকব্লক ব্যবস্থাপনা তদারকি, লেনদেন ও তথ্য সরবরাহের সঠিক ব্যবস্থাপনা নিশ্চিত করা।</p> <p>৮. পাঠক ও গবেষক কার্ড যথাসময়ে প্রিন্ট ও ইস্যু করা।</p> <p>৯. গুরুত্বপূর্ণ গ্রন্থাগার সামগ্রী প্রচারের ব্যবস্থা করা।</p> <p>১০. আন্তঃগ্রন্থাগার সমূহের সঙ্গে প্রকাশনা বিনিময় ও তথ্য সরবরাহ করা।</p> <p>১১. অটিন্টিক, নারী ও শিশু কর্নার পরিচালনা করা।</p> <p>১২. পুস্তক প্রদর্শনী কক্ষ ও বঙ্গবন্ধু কর্নার পরিচালনা ও তদারকি করা।</p> <p>১৩. চীফ বিবলিওগ্রাফার/উপপরিচালক-কে সকল কাজে সহযোগিতা করা।</p> <p>১৪. এছাড়াও উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক অর্পিত দায়িত্ব পালন করা।</p>	
১৪.	বিবলিওগ্রাফার (সংগ্রহ)	<p>১. কপিরাইট আইন অনুযায়ী সৃজনশীল নতুন প্রকাশনা সংগ্রহ কার্যক্রম বাস্তবায়ন করা।</p> <p>২. সংগৃহীত পুস্তকাদি, সংবাদপত্র, সাময়িকী ও জার্নাল এন্ট্রিকরণ এবং তার পরিসংখ্যান সংরক্ষণ করা।</p> <p>৩. সংগৃহীত পুস্তকাদি এক্সেসেশন করার পর ডাটা এন্ট্রির কার্যক্রমের জন্য প্রেরণ করা।</p> <p>৪. সৃজনশীল নতুন প্রকাশনা সংগ্রহের জন্য দেশের বিভিন্ন জেলা শহর ভ্রমণ করা।</p> <p>৫. লেখক ও প্রকাশকের সঙ্গে যোগাযোগ করে সংগ্রহ বৃদ্ধি করা।</p> <p>৬. নতুন প্রকাশনা জমাদানের জন্য প্রকাশকদের নোটিশ বা তাগিদপত্র প্রেরণ করা।</p> <p>৭. বই জমাদান সম্পর্কিত বিষয়ে লেখক ও প্রকাশকদের সমন্বয়ে ওয়ার্কশপ ও সেমিনারের আয়োজন করা।</p> <p>৮. বাংলা একাডেমির বইমেলা থেকে বই সংগ্রহের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা।</p> <p>৯. চীফ বিবলিওগ্রাফার/উপপরিচালক-কে সকল কাজে সহযোগিতা করা।</p> <p>১০. এছাড়া উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক অর্পিত দায়িত্ব পালন করা।</p>	
১৫.	বিবলিওগ্রাফার (সংকলন)	<p>১. জাতীয় গ্রন্থপঞ্জি প্রণয়ন কার্যক্রম বাস্তবায়ন করা।</p> <p>২. জাতীয় গ্রন্থপঞ্জি প্রণয়নের জন্য প্রতিটি পুস্তকের শ্রেণিকরণ নম্বর প্রদান করা।</p> <p>৩. Koha Software-এ প্রতিটি পুস্তকের ডাটা এন্ট্রির মাধ্যমে কম্পিউটারাইজড Catalogue তৈরি করা।</p> <p>৪. গ্রন্থপঞ্জিগত এন্ট্রিগুলো Koha Software-এ চেকিং/যাচাই করা।</p> <p>৫. গ্রন্থপঞ্জিগত এন্ট্রিগুলোর Koha Software-এ বর্ণানুক্রমিক নিয়মে ফাইলিং করা।</p>	

MR

১৫/১১

১৫/১১

১৫/১১

ক্রমিক নং	পদের নাম	কাজের বিবরণ	মন্তব্য
		<p>৬. জাতীয় গ্রন্থপঞ্জির খসড়া পাণ্ডুলিপি জন্য বাংলা ও ইংরেজি উভয় অংশের শ্রেণিকৃত বিষয়, লেখক, শিরোনাম ও প্রকাশক ফাইল তৈরি করা।</p> <p>৭. প্রবন্ধসূচি তৈরির জন্য বিভিন্ন জাতীয় দৈনিকে প্রকাশিত মানসম্পন্ন প্রবন্ধগুলোর স্লিপ তৈরি করা।</p> <p>৮. গবেষণাকর্মে সহায়তার জন্য প্রবন্ধসূচি (বাংলা ও ইংরেজি) প্রণয়ন করা।</p> <p>৯. চীফ বিবলিওগ্রাফার/উপপরিচালক-কে সকল কাজে সহযোগিতা করা।</p> <p>১০. এছাড়াও উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক অর্পিত দায়িত্ব পালন করা।</p>	
১৬.	বিবলিওগ্রাফার (প্রকাশনা ও রেফারেন্স)	<p>১. জাতীয় গ্রন্থপঞ্জি মুদ্রণ এবং বিতরণের ব্যবস্থা করা।</p> <p>২. জাতীয় গ্রন্থপঞ্জি (খসড়া) পাণ্ডুলিপির প্রুফ দেখা।</p> <p>৩. বার্ষিক প্রতিবেদন ও গাইড বুক প্রকাশ করা।</p> <p>৪. পাবলিশার্স ডাইরেক্টরি প্রণয়ন ও প্রকাশ করা।</p> <p>৫. গ্রন্থপঞ্জিগত তথ্যসামগ্রীর (পেপার পাঠকক্ষসহ) সাহায্যে গবেষকদের রেফারেন্স সেবা প্রদান করা।</p> <p>৬. বই, সংবাদপত্র, সাময়িকী ও জার্নাল যথাযথ উপায়ে স্ট্যাক ব্লকের শেলফে বিন্যাস ও সংরক্ষণ করা।</p> <p>৭. পাঠক ও গবেষকদের পুরাতন পত্রপত্রিকা থেকে রেফারেন্স সেবা প্রদান।</p> <p>৮. পাঠক ও গবেষকদের সেবা প্রদানে নতুন নতুন গাইড লাইন তৈরি করা।</p> <p>৯. চীফ বিবলিওগ্রাফার/উপপরিচালক-কে সকল কাজে সহযোগিতা করা।</p> <p>১০. এছাড়া উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক অর্পিত দায়িত্ব পালন করা।</p>	
১৭.	সহকারী পরিচালক	<p>১. নথি সৃষ্টিকারী সরকারি, বেসরকারি, স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান/সংস্থা ও ব্যক্তি পর্যায়ের রক্ষিত ২৫ বছরের অধিক পুরাতন গুরুত্বপূর্ণ নথিপত্র ও দলিল-দস্তাবেজ সংগ্রহ এবং সংগ্রহ সংশ্লিষ্ট সার্বিক কার্যক্রম পরিচালনা করা।</p> <p>২. জেলা রেকর্ডরুম পরিদর্শন করে নথিপত্র যাচাইপূর্বক সংগ্রহের ব্যবস্থা এবং সংগৃহীত নথিপত্র প্রক্রিয়াকরণ।</p> <p>৩. আরকাইভস আইন অনুযায়ী নথিপত্র ও দলিল-দস্তাবেজ জাতীয় আরকাইভসে স্থানান্তরের প্রয়োজনীয় ব্যবস্থা করা।</p> <p>৪. জাতীয় আরকাইভস বিষয়ে পরিকল্পনা ও উন্নয়ন প্রকল্প প্রণয়ন করা।</p> <p>৫. নথি সংগ্রহের বিষয়ে আরকাইভস ব্যবস্থাপনা, নথি ব্যবস্থাপনা, সংরক্ষণ শাখা এবং মাইক্রোফিল্মিং শাখার সঙ্গে সমন্বয় সাধন করা।</p> <p>৬. আরকাইভস বিষয়ে প্রশিক্ষণ প্রোগ্রাম ও অডিটোরিয়াম ব্যবস্থাপনা ও পরিচালনা করা।</p> <p>৭. আরকাইভস সংরক্ষণ ও রেকর্ড ম্যানেজমেন্ট বিষয়ে ওয়ার্কশপ, সেমিনার, সিম্পোজিয়াম এবং গোলটেবিল বৈঠকের আয়োজন করা।</p> <p>৮. ওরাল আরকাইভস প্রতিষ্ঠা ও আরকাইভস মিউজিয়াম ব্যবস্থাপনা করা।</p> <p>৯. আরকাইভস প্রদর্শনীর আয়োজন করা।</p> <p>১০. সংগ্রহ ও উন্নয়ন শাখার প্রধান হিসেবে শাখা সংশ্লিষ্ট সকল কার্যক্রম পরিচালনা করা।</p> <p>১১. উপপরিচালক (আরকাইভস)-কে সকল কাজে সহযোগিতা করা।</p> <p>১২. জাতীয় আরকাইভসের গাইডবুক প্রণয়ন এবং প্রকাশের ব্যবস্থা করা।</p> <p>১৩. এছাড়া উর্ধ্বতন কর্তৃপক্ষের দেয়া যে কোনো দায়িত্ব পালন করা।</p>	
১৮.	সহকারী পরিচালক (আরকাইভস)	<p>১. সংগৃহীত নথিপত্র প্রচলিত/প্রথাগত ও বৈজ্ঞানিক পদ্ধতিতে সংরক্ষণের প্রয়োজনীয় ব্যবস্থা করণ।</p> <p>২. বৈজ্ঞানিক উপায়ে নথিপত্রের প্রক্রিয়াকরণ নিশ্চিত করা।</p> <p>৩. পুরাতন, জীর্ণ এবং ভঙ্গুর প্রকৃতির মূল্যবান নথিপত্র সংরক্ষণাগারে স্থায়ীভাবে রাখার পূর্বে আধুনিক সংরক্ষণ (Conservation) পদ্ধতি প্রয়োগপূর্বক সংরক্ষণ করা।</p> <p>৪. আরকাইভস ব্যবস্থাপনা ও নথি ব্যবস্থাপনা করা।</p> <p>৫. নথিপত্রের ডিজিটাল সংরক্ষণে আইটি শাখার সঙ্গে সমন্বয় সাধন করা।</p> <p>৬. আরকাইভস সংরক্ষণ নীতিমালা প্রণয়ন করা।</p> <p>৭. আরকাইভাল লাইব্রেরি পরিচালনা ও ব্যবস্থাপনা করা।</p> <p>৮. আরকাইভাল প্রদর্শনীসহ যে কোন প্রদর্শনী আয়োজনের প্রয়োজনীয় ব্যবস্থা করা।</p> <p>৯. নথিপত্র ও দলিল-দস্তাবেজ বছর ভিত্তিক শ্রেণিকরণ ও তালিকাকরণের ব্যবস্থা করা।</p> <p>১০. স্ট্যাকব্লক পরিচালনা, রক্ষণাবেক্ষণসহ সার্বিক দায়িত্ব পালন, তদারকি ও পরিষ্কার-পরিচ্ছন্ন রাখার ব্যবস্থা করা।</p> <p>১১. সংরক্ষণাগার হতে গবেষণার প্রয়োজনে গবেষণা কক্ষে যে কোনো ধরনের রেকর্ডস সরবরাহকরণে তালিকায় অন্তর্ভুক্তিসহ রেজিস্টার রক্ষণাবেক্ষণ করা।</p> <p>১২. সংরক্ষণাগারে রক্ষিত নথিপত্র ও দলিল-দস্তাবেজ দীর্ঘমেয়াদীভাবে সংরক্ষণের (Preservation & Conservation) প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ।</p> <p>১৩. সংরক্ষণাগারে কীটনাশক ও কীট প্রতিরোধক প্রয়োগের ব্যবস্থা করা।</p> <p>১৪. বাঁধাই ও মেরামত শাখার সকল কার্যক্রম পরিচালনা করা।</p> <p>১৫. সংরক্ষণ শাখার সকল কার্যক্রম পরিচালনা করা।</p>	

MR

ক্রমিক নং	পদের নাম	কাজের বিবরণ	মন্তব্য
		<p>১৬. উপপরিচালক (আরকাইভস)-কে সকল কাজে সহযোগিতা করা।</p> <p>১৭. এছাড়া উর্ধ্বতন কর্তৃপক্ষের দেয়া যে কোন দায়িত্ব পালন করা।</p>	
১৯.	সহকারী পরিচালক (পাঠক ও গবেষক সেবা)	<p>১. সংগ্রহ কার্যক্রম তত্ত্বাবধান করে জাতীয় সংগ্রহকে উন্নত করা।</p> <p>২. পাঠক ও ব্যবহারকারীদের চাহিদা অনুযায়ী পুস্তক সংগ্রহ করা।</p> <p>৩. দুস্পাপ্য ঐতিহাসিক মানসম্পন্ন গ্রন্থাগার সামগ্রী সংগ্রহপূর্বক পাঠক ও গবেষকদের জন্য তথ্য সেবা নিশ্চিত করা।</p> <p>৪. বাংলাদেশের সকল গ্রন্থাগার ও তথ্যকেন্দ্রের সাথে আন্তঃগ্রন্থাগার সহযোগিতা গড়ে তোলার মাধ্যমে জাতীয় গ্রন্থাগারের সংগ্রহকে সমৃদ্ধ করা।</p> <p>৫. জাতীয় গ্রন্থাগারের সেবাসমূহকে উন্নত করার জন্য দেশের পেশাজীবী ব্যক্তিবর্গ, সাংবাদিক, সাহিত্যিক, শিক্ষক, বুদ্ধিজীবী, প্রশাসক ও সাধারণ নাগরিকদের নিয়ে সমন্বয়যোগী সেমিনার, ওয়ার্কশপ ও মতবিনিময় সভার আয়োজন করা।</p> <p>৬. জাতীয় গ্রন্থাগারের বিদ্যমান পাঠকক্ষের মান উন্নয়ন করা।</p> <p>৭. পাঠকক্ষে প্রতিনিয়ত সর্বশেষ সংগ্রহের সংযোজন ঘটানো।</p> <p>৮. গ্রন্থাগার সেবাকে যুগোপযোগী করা এবং তথ্যসেবার মান কিভাবে উন্নয়ন করা যায় সে ব্যাপারে উদ্যোগ গ্রহণ।</p> <p>৯. চীফ বিবলিওগ্রাফার/উপপরিচালক-কে সকল কাজে সহযোগিতা করা।</p> <p>১০. উর্ধ্বতন কর্তৃপক্ষের দেয়া যে কোন দায়িত্ব পালন করা।</p>	
২০.	গবেষণা কর্মকর্তা	<p>১. সংরক্ষিত নথিপত্র ও দলিল-দস্তাবেজের উপর গবেষণা কার্যক্রম পরিচালনা এবং গবেষণা সংশ্লিষ্ট সুপারিশমালা পেশ করা।</p> <p>২. সংরক্ষিত পুরাতন মূল্যবান, ঐতিহাসিক গুণসম্পন্ন নথিপত্র কিভাবে দেশের আর্থ-সামাজিক, অর্থনৈতিক, রাজনৈতিক ইত্যাদি ক্ষেত্রে ভবিষ্যৎ বিনির্মাণে অবদান রাখতে পারে গবেষণার মাধ্যমে সে সমস্ত তথ্য উদ্ধার করে প্রকাশের ব্যবস্থা করা।</p> <p>৩. জাতীয় আরকাইভস গবেষণা কক্ষ পরিচালনা ও ব্যবস্থাপনা করা।</p> <p>৪. দেশি/বিদেশি সকল গবেষকদের গবেষণা ও গবেষণা সংশ্লিষ্ট সকল কাজের সুষ্ঠু পরিবেশ নিশ্চিত এবং সর্বাঙ্গিক সহযোগিতা প্রদান।</p> <p>৫. গবেষণা ও গবেষণা সেবা এবং গবেষণা কক্ষ ব্যবহার সংশ্লিষ্ট নীতিমালা প্রণয়ন করা।</p> <p>৬. রেফারেন্স সেবা প্রদান করা।</p> <p>৭. নথি ব্যবস্থাপনা ও স্ট্যাকরুম ব্যবস্থাপনার কাজ করা।</p> <p>৮. গবেষকদের যুগোপযোগী সেবা প্রদানে আধুনিক সুযোগ-সুবিধা নিশ্চিত করা।</p> <p>৯. জাতীয় আরকাইভস সংগ্রহের ইনভেন্টরি প্রণয়ন ও আপডেট করা।</p> <p>১০. নিয়মিত বার্ষিক প্রতিবেদন ও গাইড বই প্রণয়ন এবং প্রকাশের ব্যবস্থা করা।</p> <p>১১. বাৎসরিক, ষান্মাসিক, ত্রৈমাসিকভিত্তিতে আরকাইভাল জার্নাল প্রকাশের ব্যবস্থা করা।</p> <p>১২. জনসচেতনতামূলক লিফলেট, বুশিয়ার ও ভিউকার্ড ইত্যাদি প্রকাশ করা।</p> <p>১৩. আরকাইভস ব্যবস্থাপনা ও নথি ব্যবস্থাপনায় সংগ্রহ ও সংরক্ষণ শাখার সঙ্গে সমন্বয় সাধন করা।</p> <p>১৪. ডিজিটাল গবেষণা সেবা শক্তিশালী করার নিমিত্ত আইটি শাখার সঙ্গে সমন্বয় সাধন করা।</p> <p>১৫. সরকারি বিধি-বিধান, সার্কুলার ও স্মারকলিপি ইত্যাদি সম্পাদন ও প্রকাশনার ব্যবস্থা করা।</p> <p>১৬. জাতি, ধর্ম-বর্ণ নির্বিশেষে সকল নাগরিকের জন্য আধুনিক তথ্যসেবা নিশ্চিত করা।</p> <p>১৭. গবেষণার শাখার সকল কার্যক্রম পরিচালনা করা।</p> <p>১৮. উপপরিচালক (আরকাইভস)-কে সকল কাজে সহযোগিতা করা।</p> <p>১৯. এছাড়া উর্ধ্বতন কর্তৃপক্ষের দেয়া যে কোনো দায়িত্ব পালন করা।</p>	
২১.	প্রোগ্রামিং অফিসার	<p>১. গ্রন্থাগার সংগ্রহকে ডাটাবেজ প্রোগ্রামের মাধ্যমে অটোমেশন করা।</p> <p>২. অনলাইন পদ্ধতিতে দেশ-বিদেশের বিভিন্ন লাইব্রেরি হতে তথ্য সংগ্রহকরণ ও তথ্যসেবা প্রদান করা।</p> <p>৩. পাঠক ও গবেষকদের জন্য পাঠকক্ষে আধুনিক তথ্যসেবা নিশ্চিত করা।</p> <p>৪. অধীনস্তদের প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদান করা।</p> <p>৫. গ্রন্থাগার সামগ্রী অটোমেশনের জন্য সকল শাখার সঙ্গে সমন্বয় সাধন করা।</p> <p>৬. জাতীয় গ্রন্থাগারের অটোমেশন কার্যক্রমের তত্ত্বাবধান করা।</p> <p>৭. গুরুত্বপূর্ণ তথ্যসামগ্রী স্ক্যানিংপূর্বক স্থায়ীভাবে সংরক্ষণের ব্যবস্থাগ্রহণ করা।</p> <p>৮. জাতীয় গ্রন্থাগারকে আন্তর্জাতিক মানের গ্রন্থাগার হিসেবে গড়ে তোলার জন্য (OPAC) চালু করা।</p> <p>৯. চীফ বিবলিওগ্রাফার/উপপরিচালক-কে সকল কাজে সহযোগিতা করা।</p> <p>১০. এছাড়াও উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক অর্পিত দায়িত্ব পালন করা।</p>	

MD

MD

MD

MD

ক্রমিক নং	পদের নাম	কাজের বিবরণ	মন্তব্য
২২.	মাইক্রোফিল্ম অফিসার	<ol style="list-style-type: none"> ১. বাছাইকৃত ক্ষয়প্রাপ্ত ও জরাজীর্ণ বই, পেপার, সাময়িকী, জার্নাল, ম্যাপ, পান্ডুলিপি, সরকারী প্রকাশনা ও গেজেট, গেজেটিয়ার মাইক্রোফিল্ম পদ্ধতিতে সংরক্ষণ করা। ২. মাইক্রোফিল্ম পদ্ধতিতে সংরক্ষিত তথ্যাদির পাঠকসেবা প্রদান নিশ্চিত করা। ৩. জরাজীর্ণ ম্যাপ, বই, পেপার ও পান্ডুলিপি লেমিনেশন করা। ৪. পোকায় খাওয়া ও বাঁধাই ছেঁড়া বই ফিউমিগেশনের পর বাঁধাই করে পাঠ উপযোগী করা। ৫. সংগৃহীত ম্যাপ থেকে পাঠক ও গবেষকদের সেবা প্রদান করা। ৬. গুরুত্বপূর্ণ ডকুমেন্টস-এর আলোকচিত্র ধারণ, ফটো এ্যালবাম ও ডকুমেন্টারী ফিল্ম তৈরি করা। ৭. জাতীয় গ্রন্থাগারের সংগৃহীত তথ্য সামগ্রির দীর্ঘস্থায়ী সংরক্ষণের জন্য সকল শাখার সঙ্গে সমন্বয় সাধন করা। ৮. তথ্য সামগ্রি পোকামাকড়ের হাত থেকে রক্ষা ও পরিষ্কার-পরিচ্ছন্নতার জন্য নিয়মিত ফিউমিগেশন করা। ৯. মাইক্রোফিল্মের মাধ্যমে তথ্যের দীর্ঘস্থায়ী সংরক্ষণ বিষয়ে অধীনস্তদের প্রশিক্ষণ প্রদান করা। ১০. মাইক্রোফিল্ম ল্যাবরেটরির তাপ ও আদ্রতা নিয়ন্ত্রণ করা। ১১. মাইক্রোফিল্ম ল্যাবের সূষ্ঠ রক্ষণাবেক্ষণ ও পরিচালনা করা। ১২. চীফ বিবলিওগ্রাফার/উপপরিচালক-কে সকল কাজে সহযোগিতা করা। ১৩. এছাড়াও উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক অর্পিত দায়িত্ব পালন করা। 	
